



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
আইসিটি সেল

...

সভাপতি	মোঃ সেলিম ভূঁইয়া ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল
সভার তারিখ	১৭.১১.২০২০ ইং
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি	আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া প্রদানকারী সকল কর্মকর্তাবৃন্দ

সভাপতি Zoom Cloud Meeting Link এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপন	আরপিসিএল এর ২০২০-২১ অর্থবছরের প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লেখিত লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করত বিস্তারিত আলোচনা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ইনোভেশন আইডিয়াসমূহ পাইলোটিং বাস্তবায়ন করতে হবে বলে ব্যবস্থাপক(আইসিটি) সভাকে অভিহিত করেন।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২০-২১) শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত সময়ে ইনোভেশন আইডিয়াসমূহ পাইলোটিং বাস্তবায়ন করতে ব্যবস্থাপক(আইসিটি)-কে যথাসময়ে প্রয়োজনীয় কাজ করার নির্দেশনা প্রদান করা হয়।	ব্যবস্থাপক(আইসিটি), আরপিসিএল
০২	অগ্রগতি উপস্থাপন	সভায় আইডিয়া সমূহের অগ্রগতি জানতে চাওয়া হয়। সকল আইডিয়ার অগ্রগতি প্রাথমিক পর্যায়ে রয়েছে এবং পরবর্তি সভায় উপস্থাপন করা হবে মর্মে সংশ্লিষ্ট উদ্ভাবকগণের পক্ষ থেকে জানানো হয়।	আগামী সভা হতে উদ্ভাবকগণ আইডিয়া দাখিল, অনুমোদন, ডিজাইন অনুমোদন, প্রাক্কলন, মালামাল ক্রয়, পাইলোটিং ও চূড়ান্ত বাস্তবায়ন ইত্যাদি ওয়েট ফ্যাক্টরে ভাগ করে অগ্রগতি উপস্থাপন করা হবে।	সংশ্লিষ্ট আইডিয়া প্রদানকারী এবং ব্যবস্থাপক (আইসিটি)
০৩	উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন	গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক বিদ্যুৎ কেন্দ্র হতে আইডিয়া চূড়ান্ত করে মোট ১১ টি আইডিয়া সদর দপ্তরে প্রেরণ করেন। ৫ টি আইডিয়া চূড়ান্ত করে ওয়েবসাইটে আপলোড ও বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়। আইডিয়া প্রদানকারী কর্মকর্তাদের উপস্থিতিতে ১১ টি আইডিয়া পুনরায় বিস্তারিত আলোচনা করা হয়।	ক) চূড়ান্ত ৫ টি আইডিয়াসহ নিম্নোক্ত মোট ৭ টি আইডিয়া পাইলোটিং এর জন্য নির্দেশনা প্রদান করা হয়ঃ ১) গ্যাস টারবাইনের কম্প্রেসড এয়ার কে ইম্প্রুভমেন্ট এয়ার হিসাবে ব্যবহার করন ২) “চলমান সিডি” ৩) নষ্ট SIPOS পাওয়ার কাঁড পুনঃব্যবহার ৪) স্বচ্ছ ফাইবার টিন ব্যবহার করি , বিদ্যুত সশ্রয় করি ৫) কেমিক্যাল মিশ্রিত DM water পুনঃব্যবহার ৬) ই-এইচআর রিকগনিশন সিস্টেম(e-HR recognition system) ৭) কন্ট্রোল রুম এবং ইঞ্জিন হলের মধ্যে ডিজিটাল কমিউনিকেশন স্থাপন খ) উদ্ভাবকগণ আগামী ১৫-১২-২০২০ ইং তারিখের মধ্যে সকল কাজ শেষ করে পাইলটিং শুরু করবেন। গ) অগ্রগতি ও যথার্থতা মূল্যায়ন করে তালিকা পুনরায় পরিবর্তন করা হবে।	সংশ্লিষ্ট আইডিয়া প্রদানকারী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম হুঁইয়া

ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল),
আরপিসিএল


স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৩৮

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৭

১৯ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ
- ২) ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
- ৩) প্রোগ্রামার, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ
- ৪) ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ



মোঃ জিল্লুর রহমান
ব্যবস্থাপক